

বিশ্বমানের জাতীয়  
পরিসংখ্যান ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
আইসিটি শাখা-১

## ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি শেখ মোঃ কাবেদুল ইসলাম  
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চিফ ইনোভেশন অফিসার  
সভার তারিখ ২০ ফেব্রুয়ারী, ২০২২ খ্রি.  
সভার সময় বেলা ১১.৩০ মিনিট  
স্থান সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব মুঃ ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর আওতায় গৃহীত কার্যক্রমের অগ্রগতিসহ সভার মূল প্রতিপাদ্য সভায় উপস্থাপনের অনুরোধ জানান।

২। সভাপতির অনুমতিক্রমে সদস্যসচিব বলেন, ২০২১-২২ অর্থবছরে সরকার সমন্বিত এপিএ চালু করেছে। ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার মোট নম্বর (৫০)-কে সমন্বিত এপিএ-এর সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের আওতায় ধার্য নম্বর (১০) এর বিপরীতে রূপান্তর করে এপিএতে অন্তর্ভুক্ত করা হয়েছে। তাই ইনোভেশন কর্মপরিকল্পনাটি বাস্তবায়নের গুরুত্ব আগের তুলনায় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

৩। সদস্যসচিব আরও বলেন, কর্মসম্পাদন সূচক ১.২.১ অনুযায়ী বাজেট অধিশাখা থেকে প্রস্তাবিত সরকারি কর্মচারীদের ঋণ প্রদান বিষয়ক সেবাটি সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত সেবাটি বর্তমানে যেভাবে দেওয়া হচ্ছে সেটি পর্যালোচনা করে সংশ্লিষ্ট শাখার দায়িত্ব প্রাপ্ত উপসচিব কর্তৃক একটি নতুন প্রস্তাবনা প্রস্তুত করা হয়েছে। তিনি প্রস্তাবিত সেবাটির বিদ্যমান ও সহজিকৃত নতুন প্রসেস ম্যাপের খসড়া সভায় উপস্থাপন করেন। বর্তমানে ঋণ প্রদানের সেবাটি শুরু থেকে শেষ পর্যন্ত সম্পন্ন করতে ১৫ (পনের) টি ধাপ ও ১০ (দশ) কর্মদিবসের প্রয়োজন হয়। প্রস্তাবিত প্রসেস ম্যাপে সেবাটি প্রদান করতে সর্বোচ্চ ১০ (দশ) টি ধাপ ও সর্বোচ্চ ৬ (ছয়) কর্মদিবসের প্রয়োজন হবে (সংযুক্তি (624/potrojariAttachmentRef/12465/0/526))। উপস্থাপনা শেষে সভাপতি উপস্থিত সকলের মতামত আহবান করলে সকলের মতামত ও বিস্তারিত পর্যালোচনা শেষে সেবাটির নতুন প্রসেস ম্যাপের খসড়া (614/potrojariAttachmentRef/12465/0/526) (613/potrojariAttachmentRef/12465/0/526)সচিবের অনুমোদনের জন্য পেশ করার প্রস্তাব করা হয়।

৪। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ করা হয়:

(ক) সরকারি কর্মচারীদের ঋণ প্রদান সেবাটি সহজিকরণের জন্য প্রস্তাবিত প্রসেস ম্যাপের খসড়া চূড়ান্ত করা হলো;

(খ) সহজিকৃত খসড়া প্রসেস ম্যাপ এ বিভাগের সচিবের অনুমোদন নিতে হবে;

(গ) প্রস্তাবিত প্রসেসম্যাপ অনুযায়ী সেবাটি প্রদানের জন্য ২৫/০২/২০২২ তারিখের মধ্যে একটি অফিস আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তিঃ প্রস্তাবিত খসড়া প্রসেসম্যাপ (616/potrojariAttachmentRef/12465/0/526)।



শেখ মোঃ কাবেদুল ইসলাম

অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চিফ ইনোভেশন  
অফিসার

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.১৮

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব (প্রশাসন) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) জনাব মো: দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-২ শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব, আইন ও অডিট শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১০) সহ. মেইনটেন্যান্স ইঞ্জি., আইসিটি শাখা-১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

মুঃ ওয়াহিদ মুরাদ

প্রোগ্রামার (আইসিটি) ও সদস্যসচিব (ইনোভেশন টিম)